

কামিনী রায়

কবি-রবি

স্নিগ্ধ রক্ত-রাগ-রথে পূরব অম্বরে
বালারুণ-রূপে যবে রবীন্দ্র-উদয়,
উঠেছিল দিগ বধু গাহি 'জয় জয়
হেরি' তারে। চিনি 'তারে তার কণ্ঠস্বরে
মেলি' আঁখি কহে বঙ্গ, আনন্দের ভরে-
একি আলো ! একি গান ! গীত-জ্যোতির্ময়
এ যে গো আমার রবি-আর কারো নয় ;
দিলা বিধি সর্ব-দৈন্য ভুলবার তরে।
যত বেলা বাড়ে উর্ধ্ব হতে উর্ধ্বতর
চলে তার আলোরথ, ঝরে শতধারে
অমৃত-বরষা। বিশ্ব চাহি নভঃ পানে,
হেরে মধ্যাকাশে রবি অপূর্ব ভাস্বর !
বঙ্গের কি ভারতের কে কহিবে তারে ?
রবি জগতের কবি আজ কে না জানে ?